ই - সংবাদ

।। প্রেস রিলিজ - তথ্য ও সংস্কৃতি দপ্তর - ত্রিপুরা সরকার - ২৯/০১/২০১৮ ।।

মোহনপুরে প্রজাতন্ত্র দিবস উদ্‌যাপিত

মোহনপুর, ২৯ জানুয়ারী ।। সারা রাজ্যের সঙ্গে গত ২৬ জানুয়ারী মোহনপুর মহকুমায়ও যথাযোগ্য মর্যাদায় ৬৯তম প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয়। ভোরে প্রভাতফেরীর মাধ্যমে প্রজাতন্ত্র দিবস উদযাপনের সূচনা হয়। মহকুমা ভিত্তিক মূল অনুষ্ঠান মোহনপুর দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে অনুষ্ঠিত হয়। আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন এবং অভিবাদন গ্রহণ করেন মোহনপুর মহকুমা শাসক প্রসূন দে। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন বিদ্যালয় প্রতিষ্ঠান, সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা যোগা প্রদর্শনী সহ এক বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করে। অনুষ্ঠানে অতিরিক্ত মহকুমা শাসক জয়ন্ত ভট্টাচার্য্য, মহকুমা পুলিশ আধিকারিক সুমন মজুমদার সহ মহকুমা স্তরের বিভিন্ন দপ্তরের পদস্থ আধিকারিকগণ উপস্থিত ছিলেন।

ধলাই জেলায় ৩৩,৪২৬ জন শিশুকে পালস পোলিও প্রতিষেধক

আমবাসা, ২৯ জানুয়ারী ।। ধলাই জেলায় গতকাল ৩৩ হাজার ৪২৬জন ০ থেকে ৫ বছর বয়সী শিশুদের পালস পোলিও প্রতিষেধক ডোজ খাওয়ানো হয়েছে। জেলায় ৫৩৭টি কেন্দ্রে সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত এই শিশুদের পোলিও ডোজ খাওয়ানো হয়। উল্লেখ্য, ধলাই জেলায় ৫২ হাজার ৭৩৭ জন শিশুকে পোলিও ডোজ খাওয়ানোর লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল। যে সমস্ত শিশু এদিন কেন্দ্রগুলিতে গিয়ে পালস পোলিও ডোজ নিতে পারেনি তাদের আজ এবং ৩০ জানুয়ারী স্বাস্থ্য কর্মীরা তাদের বাড়ী বাড়ী গিয়ে পালস পোলিও ডোজ খাওয়াবেন। ধলাই জেলার আমবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ শরবিন্দু রিয়াং আনুষ্ঠানিক ভাবে একটি শিশুকে পোলিও ডোজ খাইয়ে পালস পোলিও ডোজ খাওয়ানোর সূচনা করেন।

বিধানসভা নির্বাচন : গোমতী জেলায় পর্যবেক্ষক নিযুক্ত

আগরতলা,২৯ জানুয়ারী ।। গোমতী জেলায় অবাধ ও শান্তিপূর্ণভাবে আগামী ১৮ ফেব্রুয়ারী বিধানসভা নির্বাচন পর্ব সম্পন্ন করার জন্য সব ধরণের ব্যবস্থা নেওয়া হয়েছে। গোমতী জেলায় ৭টি বিধানসভা নির্বাচন ক্ষেত্রের জন্য ৬ জন পর্যবেক্ষক নিযুক্ত হয়েছেন। তাঁদের মধ্যে রয়েছেন ৩০-বাগমা (এস টি) এবং ৩১-রাধাকিশোরপুর বিধানসভা ক্ষেত্রের জন্য সাধারণ পর্যবেক্ষক কে বিজয়েন্দ্র পান্ডিয়ান (আই এ এস)। তাঁর মোবাইল নম্বর হলো ৭০৮-১৪৭৯৯৯১। ৩২-মাতাবাড়ি এবং ৩৩-কাকড়াবন-শালগড়া (এস সি) বিধানসভা ক্ষেত্রের জন্য সাধারণ পর্যবেক্ষক হিসেবে রয়েছেন হংসরাজ চৌহান (আই এ এস)। তাঁর মোবাইল নম্বর ৯০৮৯২১৪৩৫৮। ৪১-অম্পিনগর (এস টি), ৪২-অমরপুর এবং ৪৩-করবুক (এস টি) বিধানসভা ক্ষেত্রের জন্য সাধারণ পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন ড. অজয় নাগাভূষণ এম এন (আই এ এস)। তাঁর মোবাইল নম্বর ৭২৫৯৪১৯৭৭২।

তাছাড়া, ৩০-বাগমা (এস টি), ৩১-রাধাকিশোরপুর, ৩২-মাতাবাড়ি এবং ৩৩-কাকড়াবন-শালগড়া (এস সি) বিধানসভা নির্বাচন ক্ষেত্রের ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন অভিলাস কে শ্রীনিবাসন (আই এ এস)। তাঁর মোবাইল নম্বর ৯০৪৮২১৬৪৬৯। ৪১-অম্পিনগর (এস টি), ৪২-অমরপুর এবং ৪৩-করবুক (এস টি) বিধানসভা নির্বাচন ক্ষেত্রের ব্যয় সংক্রান্ত পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন গৌরব চান্ডেল (আই আর এস)। তাঁর মোবাইল নম্বর ৯০৫১৩৮৮৮৬৬। জেলার পুলিশ পর্যবেক্ষক হিসেবে নিযুক্ত হয়েছেন আর তামিল চন্দ্রন (আই পি এস)। তাঁর মোবাইল নম্বর ৯৪৪২০৫৯৪৪৪। জেলা নির্বাচন আধিকারিক তথা গোমতী জেলা শাসক এ সংবাদ জানিয়েছেন।

খোয়াইয়ে পালস পোলিও কর্মসূচি

খোয়াই, ২৯ জানুয়ারী ।। সারা রাজ্যের সাথে গতকাল খোয়াই জেলাতেও পালস পোলিও কর্মসূচি পালিত হয়েছে। খোয়াই জেলার তেলিয়ামুড়া মহকুমা ও খোয়াই মহকুমা এলাকায় ৩৭০টি পোলিও বুথের মাধ্যমে শূন্য থেকে পাঁচ বছর বয়সের ২২ হাজার ৭৫২ জন শিশুকে পোলিও প্রতিষেধক ডোজ খাওয়ানো হয়েছে। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডা. পি কে মজুমদার এ সংবাদ জানিয়েছেন।

বিলোনীয়ায় ভোট গ্রহণ কর্মীদের মহড়া

বিলোনীয়া, ২৯ জানুয়ারী ।। মহকুমার ৩৪-রাজনগর (এস সি), ৩৫-বিলোনীয়া ও ৩৭-ঋষ্যমুখ বিধানসভা নির্বাচনী ক্ষেত্রের ভোট গ্রহণ কর্মীদের প্রথম পর্যায়ের মহড়া ২৮ জানুয়ারী বিলোনীয়া টাউন হলে অনুষ্ঠিত হয়। ভোট গ্রহণ কর্মীদের প্রশিক্ষণ দেন বিলোনীয়া মহকুমা শাসক তথা রিটার্নিং অফিসার স্মিতা মল ও রাজনগর ব্লকের বি ডি ও মনোজ কুমার সাহা।

বিশালগড় মহকুমায় প্রজাতন্ত্র দিবস উদযাপিত

বিশালগড়, ২৭ জানুয়ারী ।। যথাযথ মর্যাদায় গতকাল বিশালগড় মহকুমাতেও উদযাপিত হয় প্রজাতন্ত্র দিবস । মহকুমা প্রশাসনের উদ্যোগে মহকুমার মূল অনুষ্ঠানটি আয়োজিত হয় বিশালগড় মহকুমা কার্যালয় সংলগ্ন মাঠে । এখানে জাতীয় পতাকা উত্তোলন করেন মহকুমা শাসক ডাঃ সুমিত রায় চৌধুরী । তিনি প্রজাতন্ত্র দিবসের তাৎপর্য বিশ্লেষণ করে বক্তব্য রাখেন । উপস্থিত ছিলেন অতিরিক্ত মহকুমা শাসক সন্দীপ চক্রবর্তী সহ অন্যান্য আধিকারিকগণ । জাতীয় পতাকার প্রতি অভিবাদন জ্ঞাপন করেন বিশালগড় থানার আরক্ষা বাহিনী। এ উপলক্ষে অনুষ্ঠানে দেশাত্মবোধক সঙ্গীত, নৃত্য পরিবেশন ও যোগাসন প্রদর্শন করা হয় । অন্যদিকে, বিশালগড় ব্লক ও চড়িলাম ব্লকেও যথাযথ মর্যাদায় প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয় । বিশালগড় ব্লক প্রাঙ্গণে জাতীয় পতাকা উত্তোলন করেন ব্লকের বি ডি ও অনুপম চক্রবর্তী এবং চড়িলাম ব্লক প্রাঙ্গণের অনুষ্ঠানে জাতীয় পতাকা উত্তোলন করেন চড়িলাম ব্লকের বি ডি ও বিষ্কি সাহা ।

তেলিয়ামুড়ায় প্রজাতন্ত্র দিবস উদযাপন

তেলিয়ামুড়া, ২৮ জানুয়ারী ।। তেলিয়ামুড়া মহকুমায় ২৬ জানুয়ারী ৬৯ তম প্রজাতন্ত্র দিবস পালিত হয়। প্রভাত ফেরীর মাধ্যমে এ দিনটির সূচনা হয়। মহকুমার মূল অনুষ্ঠানটি আয়োজিত হয় ভগৎ সিং মিনি স্টেডিয়ামে। সেখানে সকাল ৯ টায় আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন তেলিয়ামুড়ার মহকুমা শাসক জয়ন্ত দে। উপস্থিত ছিলেন মহকুমা পুলিশ আধিকারিক তাপস দেব, অতিরিক্ত মহকুমা শাসক ভাস্বর ভট্টাচার্য, তেলিয়ামুড়া পুর পরিষদের মুখ্য কার্যনির্বাহী আধিকারিক ভি ডি ডার্লং, ডি সি এম অনুপম দাস প্রমুখ। অনুষ্ঠানে দেশাত্ববোধক সংগীত, নৃত্য পরিবেশিত হয় ও শিশু মালঞ্চ বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা পি টি প্রদর্শন করে। এছাড়া, তেলিয়ামুড়া মহকুমা হাসপাতাল, কল্যাণপুর কমিউনিটি স্বাস্থ্য কেন্দ্র এবং মুঙ্গিয়াকামী প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হয়। সন্ধ্যায় স্থানীয় চিত্রাঙ্গদা কলা কেন্দ্রে মহকুমার বিভিন্ন সাংস্কৃতিক সংস্থার শিল্পীদের দ্বারা পরিবেশিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।

বিধানসভা নির্বাচন ঃ প্রচার মাধ্যমের কর্মীদের নিয়ে ওয়ার্কশপ

আগরতলা, ২৮ জানুয়ারী ।। আগামী ১৮ ফেব্রুয়ারী ত্রিপুরা বিধানসভার নির্বাচনকে সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে ত্রিপুরা নির্বাচন দপ্তরের উদ্যোগে আজ গুর্খাবস্তিস্থিত প্রজ্ঞাভবনের প্রথম প্রেক্ষাগৃহে বিভিন্ন সংবাদ পত্র ও বৈদ্যুতিন প্রচার মাধ্যমের প্রতিনিধিদের নিয়ে নির্বাচন সংক্রান্ত বিষয়ে কর্মশালা আয়োজিত হয়। কর্মশালায় সি ই ও শ্রীরাম তরণীকান্তি নির্বাচন সংক্রান্ত বিষয়ে আলোচনায় বলেন, ভোট দান প্রত্যেক নাগরিকের কর্তব্য এবং গণতান্ত্রিক অধিকার। আর এই গণতান্ত্রিক অধিকার যাতে সকল ভোট দাতাগণ সুষ্ঠুভাবে প্রয়োগ করতে পারেন এ বিষয়ে ভোটারদের সচেতন করতে বিভিন্ন সংবাদ মাধ্যমের প্রতিনিধিদের সর্বাত্বক সহযোগিতার আহ্বান জানান। তিনি বলেন, তারা যেন বিভিন্ন রাজনৈতিক দলের প্রচারে নিরপেক্ষ ভূমিকা গ্রহণ করেন। কোন প্ররোচনামূলক বা বিভ্রান্তিমূলক সংবাদ যাতে পরিবেশন না করা হয় সে বিষয়েও তিনি সর্তক করে দেন।

নির্বাচনে সংবাদপত্র ও বৈদ্যুতিন প্রচার মাধ্যমের ভুমিকা নিয়ে আলোচনা করেন এ্যাডিশনাল সি ই ও তাপস রায়, নির্বাচনী আইন ও আচরণবিধি নিয়ে আলোচনা করেন এ্যাডিশনাল সি ই ও ডি মোদক এবং নির্বাচনে এক্সপেনডিচার মনিটরিং বিষয়ে আলোচনা করেন ডেপুটি সি ই ও প্রসেনজিৎ ভট্টাচার্য। কর্মশালায় স্বাগত ভাষণ দেন ডেপুটি সি ই ও জি সনোবর। ধন্যবাদসূচক বক্তব্য রাখেন এ্যাডিশনাল সি ই ও ডঃ ডি বসু। কর্মশালায় বিভিন্ন সংবাদপত্র ও বেদ্যুতিন প্রচার মাধ্যমের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

পানিসাগরে প্রজাতন্ত্র দিবস পালিত

পানিসাগর, ২৮ জানুয়ারী ।। পানিসাগর মহকুমায়ও বিভিন্ন কর্মসূচির মাধ্যমে উদযাপিত হয়েছে প্রজাতন্ত্র দিবস। ২৬ জানুয়ারী প্রভাত ফেরী অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটির উদযাপন কর্মসূচির সূচনা হয়। মহকুমার মূল অনুষ্ঠান আয়োজিত হয় পানিসাগর পঞ্চায়েত সমিতির কার্যালয় প্রাঙ্গণে। সেখানে সকাল ৯ টায় আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন পানিসাগরের মহকুমা শাসক শুভাশিষ ভট্টাচার্য্য। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পানিসাগর ব্লকের বি ডি ও রতন ভৌমিক, নগর পঞ্চায়েতের কার্যনির্বাহী আধিকারিক গয়ারাম রিয়াং সহ অন্যান্য আধিকারিকগণ। অনুষ্ঠানে মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা দেশাত্ববোধক সংগীত ও নৃত্য পরিবেশন করে। এ উপলক্ষে পানিসাগর কমিউনিটি হেলথ সেন্টার, তিলথৈ প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র এবং জলেবাসা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রের রোগীদের মধ্যে ফল বিতরণ করা হয়।

জিরানীয়ায় প্রজাতন্ত্র দিবস পালন

জিরানীয়া, ২৮ জানুয়ারী ।। ২৬ জানুয়ারী সারা রাজ্যের সাথে জিরানীয়া মহকুমায়ও ৬৯ তম সাধারনতন্ত্র দিবস উদযাপিত হয়েছে। মহকুমায় মূল অনুষ্ঠানের আয়োজন করা হয় জিরানীয়ার বীরেন্দ্র নগর দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের মাঠে। সেখানে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন জিরানীয়া মহকুমা শাসক সুভাষ সাহা। অনুষ্ঠানে তিনি বিভিন্ন বাহিনির কুচকাওয়াজ পরিদর্শন ও অভিবাদন গ্রহণ করেন। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন ও যোগাসন প্রদর্শন করে। এদিন সকালে প্রভাতফেরীও অনুষ্ঠিত হয়। এই উপলক্ষ্যে মহকুমা এলাকার বিভিন্ন হাসপাতালে রোগীদের মধ্যে ফল ও মিষ্টি বিতরণ করা হয়।

সোনামুড়ায় প্রজাতন্ত্র দিবস পালন

সোনামুড়া,২৭ জানুয়ারী ।। বিভিন্ন অনুষ্ঠানের মধ্য দিয়ে যথাযোগ্য মর্যাদায় গতকাল সোনামুড়ায় প্রজাতন্ত্র দিবস উদযাপন করা হয় । সোনামুড়া মহকুমা প্রশাসনের উদ্যোগে সোনামুড়া স্পোর্টিং এসোসিয়েশন মাঠে মূল অনুষ্ঠানের আয়োজন করা হয় । সেখানে সকাল ৯টায় আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন করেন মহকুমা শাসক সুমিত লোধ । আরক্ষা বাহিনী সহ বিভিন্ন বিদ্যালয়ের এন সি সি, স্কাউট, স্বেচ্ছা সেবকরা কুচকাওয়াজ প্রদর্শন করে । জাতীয় পতাকা উত্তোলন করে মহকুমা ম্যাজিস্ট্রেট সুমিত লোধ প্রজাতন্ত্র দিবসের তাৎপর্য্য ব্যাখ্যা করে বক্তব্য রাখেন । তিনি বলেন, এই দিনটি দেশের প্রতি আমাদের দায়িত্ব স্মরণ করিয়ে দেয় । ন্যায়, বিচার, শিক্ষা, সাম্য ও স্বাধীনতার যে আদর্শ সংবিধানে রয়েছে তাকে অটুট রাখার জন্য তিনি আহ্বান জানান । এই অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা বর্ণাঢ্য নৃত্যানুষ্ঠান পরিবেশন করে । এছাড়া, এদিন প্রভাতফেরী সোনামুড়া শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে । হাসপাতালের রোগী এবং কারা আবাসিকদের মধ্যে এদিন ফল ও মিষ্টি বিতরণ করা হয় । সন্ধ্যায় সোনামুড়া টাউন হলে আয়োজিত হয় দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান ।

রবীন্দ্র কাননে বার্ষিক পুস্প প্রদর্শনী ও প্রতিযোগিতার সমাপ্তি

আগরতলা, ২৭ জানুয়ারী ।। প্রজাতন্ত্র দিবস উদযাপন কর্মসূচীর অঙ্গ হিসেবে গত ২৩ জানুয়ারী থেকে রবীন্দ্র কাননে ত্রিপুরা হর্টিকালচার‌্যাল সোসাইটির উদ্যোগে আয়োজিত ৩২তম বার্ষিক পুষ্প প্রদর্শনী ও প্রতিযোগিতা গতকাল সমাপ্ত হয়েছে । সমাপ্তি অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুখ্য সচিব তথা ত্রিপুরা হর্টিকালচার‌্যাল সোসাইটির প্রেসিডেন্ট সঞ্জীব রঞ্জন । অন্যান্য অতিথিদের মধ্যে ছিলেন সোসাইটির ভাইস প্রেসিডেন্ট কৃষি দপ্তরের সচিব ড. ওয়াই কুমার, হর্টিকালচার দপ্তরের অধিকর্তা অরুণ দেববর্মা ও সোসাইটির সম্পাদক মণিময় দেবনাথ প্রমুখ । এবছরের প্রতিযোগিতায় ৩৫টি বিভাগে মোট ৬১ জন প্রতিযোগী অংশ গ্রহণ করেন । পুরস্কার দেওয়া হয় ৭৫টি । মূল প্রতিযোগিতা ছাড়াও এই উপলক্ষ্যে আয়োজন করা হয়েছিল বসে আঁকো এবং রঙ্গোলী প্রতিযোগিতার। উপস্থিত অতিথিগণ বিজয়ী প্রতিযোগীদের হাতে পুরস্কার তুলে দেন । এ উপলক্ষে সাংস্কৃতিক অনুষ্ঠানও পরিবেশিত হয় ।

অবাধ নির্বাচন কীভাবে করতে হয় ভারত তা দেখিয়ে দিচ্ছে ঃ রাজ্যপাল

আগরতলা,২৫ জানুয়ারী ।। আজ জাতীয় ভোটার দিবস। সারা দেশের সাথে রাজ্যেও নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে এই দিবস পালিত হয়। এ দিবসের রাজ্যের মূল অনুষ্ঠান আয়োজিত হয় রবীন্দ্র শতবার্ষিকী ভবনে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যপাল তথাগত রায়। অন্যান্যদের মধ্যে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্য নির্বাচন কমিশনার জি কামেশ্বর রাও, মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরণীকান্তি, পশ্চিম ত্রিপুরা জেলার জেলা শাসক ডা. মিলিন্দ রামটেকে, আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন জিমন্যাস্ট তথা ত্রিপুরা নির্বাচন দপ্তরের আইকন দীপা কর্মকার ও ন্যাশনাল লেভেল প্যারা সুইমার সমীর বর্মণ। প্রদীপ প্রজ্জ্বলনের মধ্য দিয়ে এই বিশেষ অনুষ্ঠানের সূচনা করেন রাজ্যপাল তথাগত রায়। তিনি এই অনুষ্ঠানের ইলেকশান এওয়ারন্যাস ক্যালেন্ডার - ২০১৮-এর আবরণও উন্মোচন করেন।

প্রধান অতিথির ভাষণে রাজ্যপাল তথাগত রায় বলেন, নির্বাচন গণতন্ত্রের অঙ্গ। তিনি বলেন, বৃহৎ জনসংখ্যার আমাদের দেশে সুষ্ঠু ও অবাধ নির্বাচন কিভাবে করতে হয় তা আমরা বিশ্বের দেশগুলিকে দেখিয়ে দিতে পেরেছি। গণতন্ত্রের ক্রমবিকাশের প্রসঙ্গে তিনি বলেন, ১৯৫২ সালে যখন প্রথম নির্বাচন হয় তখন একটা বড় সংখ্যার মানুষ ছিলো নিরক্ষর। তারপর থেকে ধীরে ধীরে আধুনিকতার ছোঁয়ায় স্বচ্ছতার জন্য আজ এপিক কার্ড, ভি ভি প্যাট ও অন্যান্য প্রক্রিয়া অন্তর্ভুক্ত হয়েছে। এই প্রক্রিয়া এক অসাধারণ কৃতিত্ব। এই কৃতিত্বের ভাগ প্রত্যেক ভারতবাসীর। স্বাগত ভাষণ রাখতে গিয়ে রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক শ্রীরাম তরণীকান্তি বলেন, এই বছরের জাতীয় ভোটার দিবসটির বিশেষ গুরুত্ব রয়েছে। কারণ, নির্বাচনী প্রক্রিয়া চলাকালীন সময়ে এই দিবসটি পালিত হচ্ছে। তিনি বলেন, এ বছরে রাজ্যের মোট ভোটার সংখ্যা ২৫ লক্ষ ৬৯ হাজার ২১৬ জন, যা রাজ্যের জনসংখ্যার ৬৫ দশমিক ২ শতাংশ। এদের মধ্যে সদ্য প্রকাশিত খসড়া তালিকায় ১৮ থেকে ১৯ বছর বয়সের মধ্যে ৪৭ হাজার ৮০৩ জন নতুন ভোটার রয়েছে। বর্তমানে রাজ্যে নির্বাচনী পোলিং স্টেশন রয়েছে ৩ হাজার ২১৪টি। এর মধ্যে শহর এলাকায় পোলিং স্টেশনের সংখ্যা ৬৮৫টি ও গ্রামীণ এলাকায় রয়েছে ২৫২৯টি। তিনি বলেন, নির্বাচনী তালিকায় ১০০ শতাংশ স্বচ্ছতা ও রাজ্যের সমস্ত নির্বাচনী বুথ কেন্দ্রগুলিতে পানীয় জল, শৌচালয় ও সর্বোপরি নিরাপত্তার বিষয়গুলি নিশ্চিত করা হচ্ছে।

অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন রাজ্য নির্বাচন কমিশনার জি কামেশ্বর রাও। অনুষ্ঠানের শুরুতে স্টেট আইকন তথা অর্জুন পুরস্কার প্রাপ্ত জিমন্যাস্ট দীপা কর্মকার ও এক্সেসিবেল ইলেকশান অ্যাম্বেসেডার সমীর বর্মণ অনুষ্ঠানে উপস্থিত দর্শক ও অতিথিদের জাতীয় ভোটার দিবস উপলক্ষ্যে শপথ বাক্য পাঠ করান। তাছাড়া, অনুষ্ঠানে রাজ্যপাল ১০ জন নতুন ভোটারকে সচিত্র পরিচয়পত্র তুলে দেন। এই অনুষ্ঠানেই সম্প্রতি আয়োজিত ন্যাশনাল ইলেকশান ক্যুইজ প্রতিযোগিতায় বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেন প্রধান অতিথি রাজ্যপাল তথাগত রায়।

সাব্রুমে নেতাজী জন্মজয়ন্তী পালিত

সাব্রুম,২৫ জানুয়ারী ।। যথাযোগ্য মর্যাদায় ২৩শে জানুয়ারী সাব্রুমে নেতাজী সুভাষ চন্দ্র বসুর জন্মজয়ন্তী পালন করা হয়। প্রভাতফেরী অনুষ্ঠানের মধ্য দিয়ে দিনটি উদ্‌যাপন কর্মসূচির সূচনা হয়। মহকুমা প্রশাসনের উদ্যোগে সাব্রুম শহরের নেতাজী চৌমুহনীতে নেতাজীর মূর্তিতে মাল্যদান করা হয়। এতে বিদ্যালয় পরিদর্শক সঞ্জিত মালাকার, বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকগণ নেতাজীর মূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জানান। এই উপলক্ষ্যে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা সাব্রুম শহরে ট্যাবলো সহ বর্ণাঢ্য শোভাযাত্রার আয়োজন করে। বিকেলে সাব্রুম মেলার মাঠে খো-খো খেলা অনুষ্ঠিত হয়।

সোনামুড়ায় জাতীয় ভোটার দিবস উদ্‌যাপিত

সোনামুড়া,২৫ জানুয়ারী ।। গণতান্ত্রিক ব্যবস্থাপনায় ভোটাধিকার প্রয়োগ করা সকল নাগরিকের পবিত্র কর্তব্য। স্বচ্ছ ও শান্তিপূর্ণ নির্বাচনের পরম্পরাকে ধরে রাখার আহ্বান জানিয়ে আজ সোনামুড়ায় জাতীয় ভোটার দিবস উদ্‌যাপন করা হয়। সোনামুড়া দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়ে আয়োজিত সিপাহীজলা জেলা ভিত্তিক এই অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা শাসক প্রদীপ কুমার চক্রবর্তী। তিনি নতুন ভোটারদের ভোটদানের পদ্ধতি সম্পর্কে অবহিত করে সততা ও গোপনীয়তা বজায় রেখে ভোটাধিকার প্রয়োগ করার আহ্বান জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে আলোচনা করেন সোনামুড়া মহকুমা শাসক সুমিত লোধ, প্রবীণ নাগরিক সুশীল ধর প্রমুখ। অনুষ্ঠানে নতুন ভোটারদের আনুষ্ঠানিকভাবে ভোটার সচিত্র পরিচয়পত্র প্রদান করা হয়। এছাড়া, বৈদ্যুতিন ভোটযন্ত্রে ভোটদানের পদ্ধতি প্রজেক্টারের মাধ্যমে প্রদর্শিত হয়। সিপাহীজলার জেলা শাসক প্রদীপ কুমার চক্রবর্তী নতুন ভোটারদের অঙ্গীকারপত্র পাঠ করান।

সাব্রুমে পূর্ণরাজ্য দিবস পালিত

সাব্রুম,২৫ জানুয়ারী ।। নানা অনুষ্ঠানে ২১ জানুয়ারী সাব্রুমে ত্রিপুরা পূর্ণরাজ্য দিবস পালন করা হয়। এই উপলক্ষে তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং শিক্ষা দপ্তরের উদ্যোগে সাব্রুম টাউন হলে আয়োজন করা হয় আলোচনাচক্র। ত্রিপুরার ইতিহাস, উন্নয়ন ও অগ্রগতি নিয়ে আলোচনা করেন বিশিষ্ট লেখক অশোকানন্দ রায় বর্ধন ও বিদ্যালয় পরিদর্শক সঞ্জিত মালাকার। স্বাগত ভাষণ দেন আই সি ও অমৃত দাস। বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের মধ্যে ত্রিপুরা বিষয়ক ক্যুইজ অনুষ্ঠিত হয়। দলগত ক্যুইজে ক বিভাগে (ষষ্ঠ - অষ্টম শ্রেণী) প্রথম হয়েছে সাব্রুম ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়। দ্বিতীয় হয়েছে সাব্রুম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং তৃতীয় হয়েছে সাব্রুম দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়। খ বিভাগে (নবম - দ্বাদশ শ্রেণী) প্রথম হয়েছে সাব্রুম দ্বাদশ শ্রেণী বালিকা বিদ্যালয়, দ্বিতীয় হয়েছে সাব্রুম দ্বাদশ শ্রেণী বিদ্যালয় এবং তৃতীয় হয়েছে ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়। অনুষ্ঠানের অতিথিগণ বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করেন।

উদয়পুরে জাতীয় ভোটার দিবস উদ্‌যাপিত

উদয়পুর,২৫ জানুয়ারী ।। গোমতী জেলা প্রশাসনের উদ্যোগে আজ উদয়পুর রাজর্ষি হলে জাতীয় ভোটার দিবস পালন করা হয়। এর উদ্বোধন করেন জেলা নির্বাচন আধিকারিক তথা জেলা শাসক র‍্যাভেল হেমেন্দ্র কুমার। উদ্বোধকের বক্তব্যে তিনি জাতীয় ভোটার দিবসের গুরুত্ব বিষয়ে আলোচনা করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন নেতাজী সুভাষ মহাবিদ্যালয়ের অধ্যক্ষ সঞ্জয় রায়। স্বাগত ভাষণ দেন ডি সি এম প্রণয় দেবনাথ। অনুষ্ঠানে নতুন ভোটারদের শপথ বাক্য পাঠ করানো হয় এবং তাদের হাতে ভোটার পরিচয়পত্র প্রদান করা হয়। এছাড়া, মিলিনিয়াম ভোটার এবং শ্রেষ্ঠ বি এল ও-দের সার্টিফিকেট প্রদান করা হয়। পরিশেষে নতুন ভোটারদের ভোটদান সম্পর্কে সচেতনতামূলক একটি নাটকও মঞ্চস্থ হয়।